

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
নবনিয়োগ অধিশাখা
www.mopa.gov.bd

প্রজ্ঞাপন

৩০ অক্টোবর ১৪২৩ বঙ্গাব্দ

নম্বর: ০৫.০০.০০০০.১৪৭.৩১.০১০.১২-২৫৭ তারিখ:-----

১৪ ডিসেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

৩১তম বি.সি.এস. পরীক্ষা, ২০১১ এর ফলাফলের ভিত্তিতে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ৩০/০৭/২০১২ খ্রি. তারিখের ৮০.২০০.০৬৪.০০.০০.০০৪.২০১১-১৫৭ এবং ০৯/১০/২০১২ খ্রি. তারিখের ৮০.২০০.০৬৪.০০.০০.০০৩.২০১২-১৯৭ নং পত্রের সুপারিশক্রমে এ প্রজ্ঞাপনের ৩ নং অনুচ্ছেদে বর্ণিত ০৮ (আট) জন প্রার্থীকে বাংলাদেশ সিভিল সার্ভিসের বিভিন্ন ক্যাডারের প্রবেশ পদে জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুসারে টাকা ২২০০০-৫৩০৬০/- বেতনক্রমে নিম্নবর্ণিত শর্তে নিয়োগ প্রদান করা হলো:

(ক) তাঁকে লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে অথবা সরকার নির্ধারিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে বুনিয়াদি প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;

(খ) উক্ত বুনিয়াদি প্রশিক্ষণ সমাপনান্তে তাঁকে তাঁর চাকরি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সরকার যেকোন স্থির করবে সেক্ষেপে পেশাগত ও বিশেষ ধরনের প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;

(গ) তাঁকে ০২ (দুই) বছর শিক্ষানবিস হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিসকালে যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারী কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁকে চাকরি হতে অপসারণ করা যাবে;

(ঘ) উপানুচ্ছেদ (ক) ও (খ)-এ উল্লিখিত প্রশিক্ষণ সাফল্যের সাথে সমাপন, বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ এবং শিক্ষানবিসকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হলে তাঁকে চাকরিতে স্থায়ী করা হবে;

(ঙ) উপানুচ্ছেদ (ক)-এ উল্লিখিত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে তাঁকে একজন জামানতদারসহ ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিসকালে অথবা শিক্ষানবিসকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকরিতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাঁকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষ্যে উত্তোলিত অগ্রিম/অগ্রগণ্যতা/অন্যান্য ভাতাদি ও তাঁর প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে তিনি বাধ্য থাকবেন। প্রশিক্ষণের জন্য কর্মস্থল হতে অব্যাহতি প্রদানকারী কর্তৃপক্ষের নিকট এ বন্ড দাখিল করে তাঁকে প্রশিক্ষণে যেতে হবে;

(চ) তাঁর ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তাঁর কর্তব্য-কাজে অনুপস্থিত থাকেন, তবে উপানুচ্ছেদ (ঙ) অনুযায়ী তাঁর নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিম্যান্ড রিকভারী গ্র্যান্ট, ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ অনুযায়ী তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ছ) ৩১তম বি.সি.এস. পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রচলিত সরকারি বিধি-বিধান অনুযায়ী তাঁর জ্যেষ্ঠতা নির্ধারিত হবে। সে ক্ষেত্রে Bangladesh Civil Service Seniority Rules ১৯৮৩ এর ৩(জি) মোতাবেক তার পরবর্তী ব্যাচের উপরে শুধু ধারণাগত জ্যেষ্ঠতা পাবেন। উল্লিখিত ধারণাগত জ্যেষ্ঠতা প্রদানের ক্ষেত্রে চাকরিতে স্থায়ীকরণের জন্য প্রযোজ্য শর্তাদী যথা-বুনিয়াদি প্রশিক্ষণ, বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ এবং সিনিয়র স্কেল পরীক্ষা পাসের শর্ত হতে অব্যাহতি প্রাপ্য হবেন না। এইরূপ ধারণাগত জ্যেষ্ঠতা প্রদানের কারণে কোন আর্থিক সুযোগ-সুবিধা প্রাপ্য হবেন না;

(জ) যদি তিনি কোন বিদেশি নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(ঝ) চাকরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;

(ঞ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে;

(ট) The Government Servants (Conduct) Rules, 1979 এর ১৩(১) উপ বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকরিতে যোগদানের সময় সংশ্লিষ্ট ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়ে জমা দিতে হবে;

(ঠ) এ চাকরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না।

(ড) মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগপ্রাপ্তদের মুক্তিযোদ্ধার সনদ পরবর্তীতে যাচাই-বাহাইকালে মিথ্যা বা জাল প্রমাণিত হলে তাৎক্ষণিকভাবে তাঁর নিয়োগ বাতিল হবে এবং তাঁর বিরুদ্ধে ফৌজদারি মামলা দায়ের করা হবে।

২। অনুচ্ছেদ ১ এ উল্লিখিত শর্তাবলী তাঁর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ১৮ পৌষ, ১৪২৩ বঙ্গাব্দ/০১ জানুয়ারি, ২০১৭ খ্রিস্টাব্দ পূর্বে ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত/পদায়িত কার্যালয়ে যোগদানের জন্য তাঁকে অনুরোধ করা হলো। ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয় হতে পরবর্তী কোন নির্দেশ না পেলে উল্লিখিত তারিখেই তিনি সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে যোগদান করবেন। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

৩। (১) ক্যাডারের নাম : বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন)
পদের নাম : সহকারী কমিশনার
নিয়োগপ্রাপ্ত : ০২ (দুই) জন

ক্রমিক নং	মেধাক্রম	রেজিস্ট্রেশন নম্বর	নাম
১	১৪৩	০৩৩২৪৯	মাহমুদা খাতুন
২	২১৭	০৯৭৫০৪	মোঃ মনোয়ার হোসেন

(২) ক্যাডারের নাম : বাংলাদেশ সিভিল সার্ভিস (পুলিশ)
পদের নাম : সহকারী পুলিশ সুপার
নিয়োগপ্রাপ্ত : ০১ (এক) জন

ক্রমিক নং	মেধাক্রম	রেজিস্ট্রেশন নম্বর	নাম
১	৪৩	২৩৭৬৪৩	মোঃ শরীফ আল রাজীব

(৩) ক্যাডারের নাম : বাংলাদেশ সিভিল সার্ভিস (তথ্য)
পদের নাম : সহকারী পরিচালক/তথ্য অফিসার/
গবেষণা কর্মকর্তা/সমমানের পদ
নিয়োগপ্রাপ্ত : ০১ (এক) জন

ক্রমিক নং	মেধাক্রম	রেজিস্ট্রেশন নম্বর	নাম
১	১৬	৬০৭০৬১	মোঃ সালাহ উদ্দিন

(৪) ক্যাডারের নাম : বাংলাদেশ সিভিল সার্ভিস (কৃষি)
পদের নাম : কৃষি সম্প্রসারণ কর্মকর্তা
নিয়োগপ্রাপ্ত : ০১ (এক) জন

ক্রমিক নং	মেধাক্রম	রেজিস্ট্রেশন নম্বর	নাম
১	১০২	১৫৬৭০১	আবু মোঃ মনিরুজ্জামান

(৫) ক্যাডারের নাম : বাংলাদেশ সিভিল সার্ভিস (স্বাস্থ্য)
পদের নাম : সহকারী সার্জন
নিয়োগপ্রাপ্ত : ০১ (এক) জন

ক্রমিক নং	মেধাক্রম	রেজিস্ট্রেশন নম্বর	নাম
১	৩১	০০৯৯৩২	কাজী মোঃ রুবায়েত আনোয়ার

(৬) ক্যাডারের নাম : বাংলাদেশ সিভিল সার্ভিস (পশুসম্পদ)
পদের নাম : ভেটেরিনারী সার্জন/বৈজ্ঞানিক কর্মকর্তা/
প্রভাষক
নিয়োগপ্রাপ্ত : ০১ (এক) জন

ক্রমিক নং	মেধাক্রম	রেজিস্ট্রেশন নম্বর	নাম
১	১৯	০১৯৬২০	মোঃ আব্দুল ওয়ারেছ


(৭) বি.সি.এস. (সাধারণ শিক্ষা) সরকারি সাধারণ কলেজসমূহের জন্য

ক্যাডারের নাম : বাংলাদেশ সিভিল সার্ভিস (সাধারণ শিক্ষা)
পদের নাম : প্রভাষক (ইংরেজি)
নিয়োগপ্রাপ্ত : ০১ (এক) জন

ক্রমিক নং	মেধাক্রম	রেজিস্ট্রেশন নম্বর	নাম
১	২৯	০৭১৩১৬	মাসুম বিল্লাহ

৪। জনস্বার্থে এ নিয়োগাদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে



১৫/১২/২০১৬
(মোঃ মফিদুর রহমান)
উপসচিব

নম্বর : ০৫.০০.০০০০.১৪৭.৩১.০১০.১২-২৫৭

৩০ অগ্রহায়ণ ১৪২৩ বঙ্গাব্দ
তারিখ:-----
১৪ ডিসেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ২। সিনিয়র সচিব/সচিব, মন্ত্রণালয়/বিভাগ।
বি.সি.এস. (.....) ক্যাডারে নিয়োগপ্রাপ্তজন প্রার্থীর সংশ্লিষ্ট কাগজপত্রসহ ৩১তম বি.সি.এস. পরীক্ষার মূল আবেদনপত্র, স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদন ও পুলিশ প্রত্যয়ন প্রতিবেদন এ সাথে প্রেরণ করা হলো। নিয়োগপ্রাপ্ত প্রার্থীবৃন্দ যাতে আগামী ১৮ পৌষ, ১৪২৩ বঙ্গাব্দ/০১ জানুয়ারি, ২০১৭ খ্রিস্টাব্দ পূর্বে আবশ্যিকভাবে সংশ্লিষ্ট ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত/পদায়িত কার্যালয়ে যোগদান করতে পারেন, সে লক্ষ্যে যথাসময়ে পদায়ন আদেশ জারি করার প্রয়োজনীয় সকল কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৩। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়/সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়/ সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা/রেস্টুর, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা/কম্পিউটার এন্ড অডিটর জেনারেল, বাংলাদেশ।
- ৪। অতিরিক্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৫। অতিরিক্ত সচিব (এপিডি/প্রশাসন/স ও ব্য/সিপিটি), জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৬। প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৭। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। যুগ্মসচিব (সকল), জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৯। মন্ত্রীর একান্ত সচিব (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য), জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ১০। প্রতিমন্ত্রীর একান্ত সচিব (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য), জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ১১। উপসচিব (সকল), জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ১২। সিনিয়র সিস্টেমস এনালিস্ট, লোক প্রশাসন কম্পিউটার কেন্দ্র, জনপ্রশাসন মন্ত্রণালয় (জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো)।
- ১৩। উপসচিব, মাঠ প্রশাসন-১ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ১৪। সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৫। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (তাকে পরবর্তী গেজেটে প্রজ্ঞাপনটি মুদ্রণপূর্বক উক্ত গেজেটের ২০ (বিশ) কপি নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
- ১৬। সিনিয়র সহকারী সচিব, অভ্যন্তরীণ প্রশিক্ষণ-২, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ১৭। জনসংযোগ কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ১৮। জনাব/বেগম..... !


(মোঃ মফিজুর রহমান)
উপসচিব
ফোন: ৯৫৭৪০০৭